# চুনারুঘাট পৌরসভা কার্যালয়
## চুনারুঘাট, হবিগঞ্জ।

**পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটির সভার কার্যবিবরণী :**

সভাপতি : মোহাম্মদ শফিকুল ইসলাম
প্রশাসক, চুনারুঘাট পৌরসভা
সভার তারিখ ও সময় : ২২.০৯.২০২৫ খ্রিষ্টাব্দ, বিকাল ৩.০০টা

সভার স্থান : সভা কক্ষ, চুনারুঘাট পৌরসভা।

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' সন্নিবেশিত

সভাপতি উপস্থিত সকল সদস্য ও পৌরসভার কর্মকর্তা-কর্মচারীগনকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভপতির অনুমতিক্রমে পৌরসভার হিসাবরক্ষণ কর্মকর্তা জনাব মোহাম্মদ লিয়াকত আলী বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। সভায় আলোচ্য বিষয় অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রঃনং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | পৌরসভার বিভিন্ন কর ফি ইত্যাদি রাজস্ব আদায় সংক্রান্ত। | সভায় বিগত মাসে পৌরসভার হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি, যানবাহন কর আদায়ের তথ্য/ হিসাব পর্যলোচনা করা হয়। হিসাবরক্ষণ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, অত্র পৌরসভায় চলমান IUGIP প্রকল্পটি Result Based Lending এবং DLI ভিত্তিক হওয়ায় প্রকল্পের আওতায় প্রনীত UGIAP এ বর্ণিত কার্যক্রম কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের বাধ্যবাধকতা রয়েছে। তন্মধ্যে হোল্ডিং টেক্স নূন্যতম ৮০% এবং নন টেক্স রাজস্ব দাবীর নূন্যতম ৯০% আদায় করতে হবে। পৌরসভার নিজস্ব রাজস্ব বাজেটের আওতায় Poverty Redution Action Plan (PRAP) খাতে ১% , Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) খাতে ১% এবং O & M খাতে মোট রাজস্ব বাজেটের ২৫% অর্থ ব্যয় করতে হবে। অন্যথায় পৌরসভা প্রকল্প সহায়তা থেকে বাদ পড়তে পারে। নাগরিক সেবার এ সকল খাতের ব্যয় নির্বাহের জন্য পৌরসভার রাজস্ব আদায় বৃদ্ধি অব্যাহত রাখতে হবে। তিনি আরো জানান চলতি অর্থ বছরের যানবাহন লাইসেন্স ফি আদায়ের জন্য অভিযান পরিচালনা করা প্রয়োজন। উপ সহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ বলেন বর্তমানে অত্র পৌরসভায় টমটম লাইসেন্স ফি ২,০০০/- টাকা, মিশুক ১,০০০/- টাকা এবং রিক্সার ফি ৫০০/- টাকা নির্ধারণ করা আছে, যা পার্শ্ববর্তী অন্যান্য পৌরসভার চেয়ে অনেক কম। তিনি যানবাহন লাইসেন্স ফি বৃদ্ধির প্রস্তাব করেন।<br><br>সভাপতি জানান যে, IUGIP প্রকল্পটি চুনারুঘাট পৌরসভর জন্য খুবই গুরুত্বপূর্ন। এ প্রকল্প হতে বরাদ্ধকৃত অর্থ দ্বারা পৌরসভার গুরুত্বপূর্ণ বড় বড় উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব। কাজেই প্রকল্পের শর্তাবলী পূরণসহ পৌরবাসীকে কাঙ্খীত নাগরিক সেবা প্রদানের জন্য পৌরসভার নিজস্ব রাজস্ব দাবী ও আদায় বৃদ্ধি অপরিহার্য। পৌরসভার হোল্ডিং নন-হোল্ডিং টেক্স/রাজস্ব আদায়ের হার আরো বৃদ্ধির জন্য সকলকেই আরো তৎপর হতে হবে। যানবাহন লাইসেন্স ফি, ট্রেড লাইসেন্স ফি আদায়ের জন্য প্রয়োজনীয় কার্যক্রম শুরু করতে হবে এবং কমিটির সকলকেই আদায় কার্যক্রমে সার্বিক সহযোগিতা এবং নিয়মিত তদারকী করতে হবে।<br><br>**সিদ্ধান্ত ১.১:** বকেয়াসহ হালসনের হোল্ডিং টেক্স, ট্রেড লাইসেন্স ফি, অযান্ত্রিক যানবাহনের লাইসেন্স ফি, ইমারত নির্মান ফি ইত্যাদি আদায়ের জন্য | (ক) প্রশাসক<br>(খ) পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাব রক্ষণ কর্মকর্তা<br>(গ) উপ সহকারী প্রকৌশলী<br>(ঘ) কর আদায়কারী<br>(ঙ) বিভিন্ন সনদপত্র প্রস্তুত কাজে দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সহকারীগন। |

<table>
<tr><td></td><td></td><td>করদাতাদেরকে তাগাদাপত্র প্রদান, মাইকিং এবং টিম গঠন করে হোল্ডিং ট্যাক্স ও নন হোল্ডিং রাজস্ব আদায় কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>১.২ : যানবাহন লাইসেন্স ফি, বর্তমান হার থেকে ১০% হারে বৃদ্ধি করে নিম্নোক্তভাবে ফি পুনঃনির্ধারণ করা হলো :<br><table><tr><th>ক্র/নং</th><th>যানবাহনের ধরণ</th><th>বর্তমান ফি</th><th>পুনঃনির্ধারিত ফি</th></tr><tr><td>০১</td><td>রিক্সা</td><td>৫০০/-</td><td>৫৫০/-</td></tr><tr><td>০২</td><td>মিশুক</td><td>১,০০০/-</td><td>১,১০০/-</td></tr><tr><td>০৩</td><td>টমটম</td><td>২,০০০/-</td><td>২,২০০/-</td></tr></table>পুনঃনির্ধারিত ফি ২০২৫-২০২৬ অর্থ বছর হতে কার্যকর হবে।</td><td></td></tr>
<tr><td>০২</td><td>উন্নয়নমুলক কর্মকান্ড :</td><td>(ক) সভায় উপসহকারী প্রকৌশলী জনাব টিটন দাশ জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের উন্নয়ন সহায়তা (এডিপি) খাতে প্রথম কিস্তি বাবদ ২০.৫২ লক্ষ টাকা বরাদ্ধ পাওয়া গেছে, এই হিসেবে চলতি অর্থ বছরে ৪ কিস্তিতে ৮২.০৮ লক্ষ টাকা পাওয়া যাবে। এডিপি খাতের এবং IUGIP প্রকল্পের আওতায় প্রস্তাবিত ২৫ (পঁচিশ) কোটি টাকায় বাস্তবায়নের জন্য প্রকল্প বাছাই এবং প্রাক্কলন প্রস্তুত করা প্রয়োজন। সভায় অভিমত ব্যক্ত করা হয় যে, বর্ষাকালের আগেই যাতে শুকনো মৌসুমে প্রকল্পের কাজগুলো বাস্তবায়ন করা যায় এজন্যে দ্রুত প্রকল্প বাছাই করে দরপত্র আহবান কার্যক্রম সম্পন্ন করা রপ্রয়োজন।<br><br>সিদ্ধান্ত ২.১ : ২০২৪-২০২৫ অর্থ বছরের উন্নয়ন সহায়তা (এডিপি) খাতে বরাদ্ধকৃত অর্থে এবং কোভিড-১৯ ও IUGIP প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের কাজ গুনগতমান অক্ষুন্ন রেখে দ্রুত সম্পন্ন করতে হবে।<br><br>২.২ : IUGIP প্রকল্পের আওতায় ২৫ (পঁচিশ) কোটি টাকার এবং চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি খাতে অর্থে বাস্তবায়নের জন্য প্রশাসকসহ সংশ্লিষ্ট ওয়ার্ডের কাউন্সিলরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সরজমিনে পরিদর্শন করে প্রকল্পের তালিকা ও প্রাক্কলন চুড়ান্ত করবেন এবং দ্রুত দরপত্র আহবানের কার্যক্রম গ্রহন করতে হবে।</td><td>(ক) প্রশাসক<br>(খ) উপ সহকারী প্রকৌশলী<br>(গ) সদস্য (সকল) সহায়ক কমিটি।</td></tr>
<tr><td>০৩</td><td>ময়লা-আবর্জনা পরিস্কার পরিচ্ছন্নকরণ।</td><td>হিসাবরক্ষণ কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে নিয়োজিত পরিচ্ছন্ন কর্মী/দৈনিক শ্রমিকগণ ২টি অঞ্চলে ভাগ হয়ে প্রতিদিন (পর্যায়ক্রমে) পৌর এলাকার সকল ড্রেণ পরিস্কার-পরিচ্ছন্নকরণ, রাস্তাঘাট ঝাড়ু দেয়া, ময়লা আবর্জনা অপসারনের কাজ স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তাছাড়া পৌরসভার সকল ডাস্টবিনের ময়লা - আবর্জনা প্রতিদিন নিয়মিত পরিস্কার করা হচ্ছে। পরিস্কার পরিচ্ছন্নতার কাজ নিয়মিত তদারকী করার জন্য কমিটির সদস্যগনকে অনুরোধ করেন।<br><br>সিদ্ধান্ত : নিয়মিত পরিস্কার পরিচ্ছন্নতার কাজ অব্যাহত রাখতে রাখতে হবে। শহরের যেসকল এলাকার ডাস্টবিন নষ্ট হয়ে গেছে সেখানে নতুন ডাস্টবিন পুন:স্থাপন করতে হবে। কমিটির সকল সদস্যগন পরিস্কার পরিচ্ছন্নতার কাজ নিয়মিত তদারকী করবেন।</td><td>১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।</td></tr>
<tr><td>০৪</td><td>ডেঙ্গু মশক নিধন ও পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম</td><td>সদস্য ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব মোঃ মোজাম্মেল হোসেন সভায় বলেন যে, বর্তমানে সারাদেশেই ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। ডেঙ্গু নিয়ন্ত্রনের জন্য নিয়মিত মশক নিধন ওষুধ ছিটানোর কাজ জোরদার করার জন্য তিনি সভায় প্রস্তাব রাখেন।<br><br>সিদ্ধান্ত : ডেঙ্গু মশক নিয়ন্ত্রনের লক্ষ্যে নিয়মিত মশক নিধন ওষুধ ছিটানো হবে এবং আগাছা, ময়লা আবর্জনা নিয়মিত পরিস্কার পরিচ্ছন্ন করতে হবে।</td><td>১। প্রশাসক,<br>২। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।</td></tr>
<tr><td>০৫</td><td>২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য স্থায়ী কমিটির সুপারিশকৃত GESIAP ও PRAP অনুমোদন</td><td>সভায় বিভিন্ন স্থায়ী কমিটির সভার কার্যবিবরনী ও সুপারিশ সভায় উপস্থাপন করা হয়। গত ১১.০৯.২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি"র এবং "দারিদ্র বিমোচন ও বস্তী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি"র সভায় রাজস্ব বাজেটের ১% হারে বরাদ্ধকৃত অর্থের বিপরীতে চলতি অর্থবছরের জন্য (১) Gender Equation and Social Inclusion Action Plan</td><td>১। প্রশাসক,<br>২।"মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি,</td></tr>
</table>



CS CamScanner

(GESIAP) (২) Poverty Redution Action Plan (PRAP) অনুমোদিত করা হয়, যা নিম্নরূপ :

GESIAP :

| ক্রঃ/ নং | কর্ম তৎপরতা | বছরে (৪ কোয়ার্টারে) সম্ভাব্য ব্যয় | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
|---|---|---|---|
| ০১ | ২০ জন দরিদ্র মহিলাকে সেলাই ও নকশীকাথাঁ প্রশিক্ষণ ও মেধাক্রম অনুযায়ী ১০ জনকে বিনামূল্যে সেলাই মেশিন প্রদান | ১,৭৩,০০০/- | (ক) প্রশাসক, (খ) মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি" |
| ০২ | ৩০ জন দরিদ্র মহিলাকে বাড়ির আঙ্গিনায় শাক সবজি চাষ, হাঁসমুরগী / গবাদী পশু পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | ৩২,০০০/- | |
| ০৩ | ২৫-৩০ সক্ষম মহিলাকে রাজমিস্ত্রি/ রাজমিস্ত্রির সহকারী হিসেবে প্রশিক্ষন প্রদান | ৩০,০০০/- | |
| ০৪ | ২০ জন গরীব ও মেধাবী শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি/ শিক্ষা উপকরণ প্রদান | ৪০,০০০/- | |
| ০৫ | মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি"র মাসিক সভা (বছরে ১২টি সভা) | ২০,০০০/- | |
| ০৬ | আন্তর্জাতিক নারী দিবস পালন | ৫,০০০/- | |
| | **সর্বমোট ব্যয় :** | ৩,০০,০০০/- | |

PRAP :

| ক্রঃ/ নং | কর্ম তৎপরতা | বছরে (৪ কোয়ার্টারে) সম্ভাব্য ব্যয় | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি |
|---|---|---|---|
| ০১ | ৪০ জন ব্যক্তিকে নির্মান শ্রমিক হিসাবে প্রশিক্ষণ প্রদান | ৩০,০০০/- | (ক) প্রশাসক, (খ) "দারিদ্র বিমোচন ও বস্তী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি" |
| ০২ | দারিদ্র হ্রাসকরণে- দরিদ্রদের স্বাস্থ্য/ শিক্ষা/ চিকিৎসা/ সামাজিক/ কর্মসংস্থান ইত্যাদি খাতে সরাসরি দান/অনুদান | ১,০০,০০০/- | |
| ০৩ | পৌরসভার দরিদ্র শ্রমিকদের মাধ্যমে বিশেষ পরিচ্ছন্নতা অভিযান ও কর্মসংস্থানের সুযোগ | ১,০০,০০০/- | |
| ০৪ | ২০ জন ব্যক্তিকে গবাদী পশু/ হাঁস মুরগী পালন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | ৫০,০০০/- | |
| ০৫ | "দারিদ্র বিমোচন ও বস্তী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি"র মাসিক সভা (বছরে ১২টি সভা) | ২০,০০০/- | |
| ০৬ | আন্তর্জাতিক নারী দিবস পালন | | |
| | **সর্বমোট ব্যয় :** | ৩,০০,০০০/- | |

সিদ্ধান্ত : চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের জন্য "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি" কর্তৃক সুপারিশকৃত Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP এবং "দারিদ্র বিমোচন ও বস্তী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি" কর্তৃক সুপারিশকৃত Poverty Redution Action Plan (PRAP) সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং তা বাস্তবায়নে যথাযথ পদক্ষেপ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়।

দায়িত্বপ্রাপ্ত: ৩। দারিদ্র বিমোচন ও বস্তী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি, ৪। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা। ৫। উপ সহকারী প্রকৌশলী।

| | | | |
|---|---|---|---|
| ০৬ | GESIAP ও PRAP এর পঞ্চবার্ষিকী পরিকল্পনা অনুমোদন। | IUGIP প্রকল্পের গাইডলাইন অনুযায়ী "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি" এবং "দারিদ্র বিমোচন ও বস্তী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি"র ১১.০৯.২০২৫ খ্রিঃ তারিখের সভায় প্রণীত ও অনুমোদিত ২০২৩-২০২৮ অর্থ বছরের পঞ্চবার্ষিকী (১) Gender Equation and Social Inclusion Action Plan | ১। প্রশাসক, ২। "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, |

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>(GESIAP) (২) Poverty Redution Action Plan (PRAP) সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত GESIAP এবং PRAP সভায় পর্যালোচনা করা হয়। উল্লেখিত কর্ম পরিকল্পনাসমূহ ২২.০৯.২০২৫ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত TLCC'র সভায় আলোচনা ও পর্যালোচনাক্রমে অনুমোদিত হয়। সভায় এ বিষয়ে আলোচনা পর্যালোচনান্তে স্থায়ী কমিটি কর্তৃক প্রনীত ও অনুমোদিত উল্লেখিত কর্ম পরিকল্পনাসমূহ যথাযথ বলে সভায় মত প্রকাশ করা হয়।<br><br>সিদ্ধান্ত : "মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি" কর্তৃক প্রনীত ও অনুমোদিত এবং TLCC কর্তৃক সুপারিশকৃত পঞ্চবার্ষিকী (২০২৩-২০২৮ অর্থ বছর) Gender Equation and Social Inclusion Action Plan (GESIAP) এবং "দারিদ্র বিমোচন ও বস্তী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি" কর্তৃক প্রনীত ও অনুমোদিত এবং TLCC কর্তৃক সুপারিশকৃত পঞ্চবার্ষিকী (২০২৩-২০২৮ অর্থ বছর) Poverty Redution Action Plan (PRAP) অনুমোদন করা হয়।</td>
<td>৩। দারিদ্র বিমোচন ও বস্তী উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি,<br>৪। পৌর নির্বাহী কর্মকর্তা/ হিসাবরক্ষন কর্মকর্তা।<br>৫। উপ সহকারী প্রকৌশলী।</td>
</tr>
<tr>
<td>০৭</td>
<td>মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মেধা বৃত্তি প্রদান</td>
<td>সভাপতি, শিক্ষার্থীদের লেখাপড়ায় উৎসাহিত করার লক্ষ্যে পৌরসভা কর্তৃক মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মেধা বৃত্তি প্রদানের প্রস্তাব করেন। তিনি আরো জানান শহর সমন্বয় কমিটি (TLCC)'র বিগত সভায় নাগরিকগনের পক্ষ থেকেও এ বিষয়ে দাবী করা হয়েছে। সভায় মেধা বৃত্তি প্রদানের বিষয়ে বিস্তারিত আলাপ আলোচনা করা হয়। আলোচনান্তে ১টি কমিটি গঠন করে কমিটির মাধ্যমে পৌর এলাকার মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মেধা বৃত্তি প্রদানের কার্যক্রম বাস্তবায়নের পক্ষে সকলেই একমত পোষন করেন।<br><br>সিদ্ধান্ত : পৌর এলাকার সকল মাধ্যমিক স্তরের বিদ্যালয়, মাদ্রাসার শিক্ষার্থীদেরকে মেধাবৃত্তি প্রদান করা হবে। মেধাবৃত্তি প্রদান কার্যক্রম বাস্তবায়নের জন্য নিম্নোক্তভাবে ৫ সদস্য বিশিষ্ট ১টি কমিটি গঠন করা হলো :<br><br>মেধাবৃত্তি প্রদান কমিটি :
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>নাম</th><th>পদবী</th></tr>
<tr><td>০১</td><td>মোহাম্মদ শফিকুল ইসলাম<br>উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট ও প্রশাসক, চুনারুঘাট পৌরসভা।</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>০২</td><td>নাজনীন সুলতানা<br>উপজেলা শিক্ষা অফিসার, চুনারুঘাট ও<br>সদস্য, সহায়ক কমিটি, চুনারুঘাট পৌরসভা।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৩</td><td>মোঃ কাওছার শোকরানা<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চুনারুঘাট।</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৪</td><td>মোঃ ফারুক উদ্দিন চৌধুরী<br>সভাপতি<br>চুনারুঘাট উপজেলা প্রেস ক্লাব</td><td>সদস্য</td></tr>
<tr><td>০৫</td><td>মোহাম্মদ লিয়াকত আলী<br>হিসাবরক্ষণ অফিসার<br>চুনারুঘাট পৌরসভা।</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
উল্লেখিত কমিটি মেধা বৃত্তি প্রদান বিষয়ে যাবতীয় কার্যক্রম ও সিদ্ধান্ত গ্রহন করবে।</td>
<td>মেধা বৃত্তি প্রদান কমিটি।</td>
</tr>
</table>

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তী ঘোষনা করেন।

22/09/25

(মোহাম্মদ শফিকুল ইসলাম)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।



CamScanner

স্মারক নং :চুঃপৌঃ/প্রশাঃ/২০২৫/১৮৪৭ তারিখ : ২৯.০৯.২০২৫ খ্রিঃ।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরন করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৩। জেলা প্রশাসক, হবিগঞ্জ।
৪। উপপরিচালক, স্থানীয় সরকার , হবিগঞ্জ।
৫। উপজেলা নির্বাহী অফিসার, চুনারুঘাট, হবিগঞ্জ।
৬। সদস্য (সকল) পৌরসভার প্রশাসকের কর্মসম্পাদনে সহায়তার জন্য গঠিত কমিটি, চুনারুঘাট পৌরসভা।
৭। বিভাগ প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা।
৮। শাখা প্রধান (সকল) চুনারুঘাট পৌরসভা, হবিগঞ্জ।
৯। জনাব .........................................................................
১০। অফিস নথি।

২৯/০৯/২৫
(মোহাম্মদ শফিকুল ইসলাম)
প্রশাসক
চুনারুঘাট পৌরসভা।



CamScanner